



## রিসোর্স টিচার (আরটি) নিয়োগ

### অনলাইনে আবেদনের নিয়মাবলি:

১. আবেদন করার জন্য “Chrome” Browser ব্যবহার করুন।
২. অনলাইন আবেদন ফর্মের তথ্য সমূহ অবশ্যই ইংরেজিতে পূরণ করতে হবে।
৩. (\*) চিহ্নিত অংশের তথ্য অবশ্যই পূরণ করতে হবে।
৪. প্রার্থী শুধু একটি বিষয়ে এবং একবার মাত্র আবেদন করতে পারবে।
৫. আবেদন “Submit” করার পর “Registration Failed” হলে Chrome Browser বন্ধ করে পুনরায় চালু করে Refresh করে আবার প্রথম থেকে আবেদন শুরু করতে হবে।
৬. আবেদন করতে যে কোন সমস্যা হলে ই-মেইল করুন এই ঠিকানায়: rtp.sesip@gmail.com

### আবেদন ফর্ম পূরণের নিয়মাবলি:

(ক) প্রার্থীকে সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (SESIP)-এর Web address (www.sesip.gov.bd) এর “Online Application” মেন্যুতে ক্লিক করে SESIP কর্তৃক নির্ধারিত আবেদন ফর্ম পূরণ করে Registration কার্যক্রম সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েবসাইট ওপেন করলে Advertisement, Application Instruction এবং Apply করার লিঙ্ক পাওয়া যাবে। Application Instruction লিঙ্ক এ আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনা দেয়া আছে। ফর্ম পূরণের পূর্বে প্রার্থী এই Instruction অংশটি download করে প্রতিটি নির্দেশনা ভাল করে আয়ত্ত্ব করে “Apply Now” লিঙ্ক এ ক্লিক করে Application Form- এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য/নির্দেশনা অনুসরণ করত: Form পূরণ করে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে (লাল তারকা চিহ্ন বিশিষ্ট Field সমূহ অবশ্যই পূরণ করতে হবে)।

(খ) ছবি (Photo) : Application Form এর নির্ধারিত স্থানে প্রার্থীকে নির্দিষ্ট মাপের নিজের রঙিন ছবি JPEG/PNG ফরমেটে Upload করতে হবে। ছবির আয়তন হতে হবে দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel এবং File size 300KB এর বেশি হতে পারবে না। উল্লিখিত মাপের ছবি না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। সাদা কালো/সাইড ভিউ/সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না।

(গ) স্বাক্ষর (Signature) : Application Form এর নির্ধারিত স্থানে নিজের স্বাক্ষর JPEG/PNG ফরমেটে Upload করতে হবে। স্বাক্ষরের আয়তন হতে হবে দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ Pixel এবং File size 100 KB এর বেশি হতে পারবে না। উল্লিখিত নির্দেশনা অনুযায়ী প্রার্থীর নির্দিষ্ট মাপের স্বাক্ষর না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(ঘ) সংযুক্তি (Attachment) : Application Form এর নির্ধারিত স্থানে এসএসসি/দাখিল/সমমানের পরীক্ষা পাশের সনদপত্র (Certificate) এবং স্নাতক (পাস)/ (সম্মান) ডিগ্রীর নম্বরপত্র (Mark Sheet) PDF ফরমেটে Upload করতে হবে। উল্লিখ্য, প্রতিটির ক্ষেত্রে File size কোন ভাবেই 1 MB এর বেশি হতে পারবে না।

(ঙ) ঘোষণা (Declaration) : প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (Application Form) ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদন পত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন অনিয়মের আশ্রয় গ্রহণ করলে নির্বাচন প্রক্রিয়ার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং ভবিষ্যতে SESIP কর্তৃক তার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(চ) আবেদন প্রক্রিয়া সম্পন্নকরণ:

Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণপূর্বক প্রার্থীকর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি Applicant ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant’s copy পাবে এবং উক্ত Applicant’s copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। উল্লিখ্য, আবেদন প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন হলে প্রার্থী একটি Confirmation SMS ও পাবে।